

থানা শিক্ষা কর্মকর্তার দুর্নীতিতে শিক্ষক কর্মচারীরা অতিষ্ঠ

খুলনা ব্যুরো : খুলনা জেলা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের দৌলতপুর থানা এলাকার সহকারী থানা শিক্ষা কর্মকর্তা হইনকা রেহেনা পারভীনের দুর্নীতি, স্বজনপ্রীতি, অর্থ আদায়ের কারণে শিক্ষক-শিক্ষিকারা অতিষ্ঠ হয়ে উঠেছেন বলে অভিযোগ পাওয়া গেছে।

অভিযোগে বলা হয়েছে তার দাবি মত ভিজিটকালে অর্থ না দিয়ে শিক্ষক-শিক্ষিকাদের নামে শোকজ, বদলির সুপারিশসহ ইয়রানি করে শিক্ষার পরিবেশকে বিঘ্ন করে উল্লেখ্য। তাছাড়া আওয়ামী লীগের একনিষ্ঠ কর্মী রেহেনা পারভীন বরিশাল এলাকার শিক্ষক-শিক্ষিকা হলে তাকে অবৈধ সুযোগ দিলে স্বজনপ্রীতির অনেক দৃষ্টান্ত স্থাপন করেছেন। ফুলে ভিজিট করতে এলে তাকে ২০০ টাকা নগরানা দিতে হয় বাধ্যতামূলক। নইলে তিনি নাওয়েশ হয়ে শিক্ষকদের বিরুদ্ধে শোকজ ও শাস্তিমূলক ব্যবস্থা নেয়ার জন্য পরিদর্শন রিপোর্ট মিথ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে প্রেরণ করেন।

দীর্ঘ ৭ বছর একই জেলায় চাকরি করার সুযোগে তিনি প্রচণ্ড কমতাপথর হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেছেন। নানান কারণে তাকে সম্প্রতি ফুলতলা থানায় বদলি করা হলেও তিনি বদলি বাতিলের তদবির করে দৌলতপুরে আবারও আসার চেষ্টা করছেন। এত শিক্ষকদের মধ্যে মারুণ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে।